



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৪১.০২৬.২০.২৭৭

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯

১৭ এপ্রিল ২০২২

বিষয়: ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়ের সকল প্রোগ্রামে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ১৮ এবং ২০ অনুযায়ী সিডিকেট এবং একাডেমিক কাউন্সিল বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তি, শিক্ষাদান, সকল পরীক্ষা ও উহার ফলাফল অনুমোদনের জন্য দায়িত্বপ্রাপ্ত। আইনের ধারা ১৭ এবং ১৯ অনুযায়ী ভাইস-চ্যান্সেলর একাধারে সিডিকেট এবং একাডেমিক কাউন্সিলের সভাপতি। আইনের ৩১ ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি তথা আচার্য সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নিয়োগ দিয়ে থাকেন। মহামান্য রাষ্ট্রপতি তথা আচার্য কর্তৃক নিযুক্ত ভাইস-চ্যান্সেলরের অবর্তমানে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা ও উহার ফলাফলের আইনগত কোন বৈধতা নেই।

২। ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৭ সাল হতে চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত ভিসি এবং প্রতিষ্ঠালগ্ন থেকে প্রো-ভিসি ও ড্রেজারার নেই। মহামান্য রাষ্ট্রপতি ও আচার্য কর্তৃক নিযুক্ত উপাচার্যের অবর্তমানে অন্য কারো সভাপতিত্বে অনুষ্ঠিত সিডিকেট ও একাডেমিক কাউন্সিলের সভার আইনগত কোন বৈধতা নেই।

৩। সাম্প্রতিক সময়ে কমিশন কর্তৃক ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়ে সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, বিশ্ববিদ্যালয়টির অপ্রতুল শিক্ষক সংখ্যা, যোগ্যতাসম্পন্ন শিক্ষকের অভাব, গবেষণার অনুপস্থিতি, আচার্য কর্তৃক নিযুক্ত বৈধ কর্তৃপক্ষের অনুপস্থিতি, শিক্ষাসহায়ক ক্যাম্পাসের অনুপস্থিতি, লাইব্রেরীতে প্রয়োজনীয় পাঠ্য বইয়ের অপ্রতুলতা এবং বিশ্ববিদ্যালয়টির সকল কারিকুলাম মেয়াদ উত্তীর্ণ।

বর্ণিতাবস্থায়, উল্লিখিত কারণে কমিশন কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়ের সকল প্রোগ্রামে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

Add. Director
20/4/22

Tahmina Rahman
20/4/22
ACP

১৭-৪-২০২২

মোঃ ওমর ফারুক

পরিচালক (বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্ট্রার

ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয় কমিউনিটি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৪১.০২৬.২০.২৭৭/১(৭)

তারিখ: ৪ বৈশাখ ১৪২৯
১৭ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গণমাধ্যমে সংবাদ বিজ্ঞপ্তি আকারে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ২) পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৫) সিনিয়র সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ) মহোদয়ের দপ্তর, ইউজিসি।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১৭-৪-২০২২

মোঃ শরিফুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক